# সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৬৯

১৬. জিহাদ অধ্যায় (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ ৩৭. ঘোড়া বাজি ধরা প্রসঙ্গে

## بَاب فِي رِهَانِ الْخَيْلِ

আরবী

أَخْبَرَنَا عَفَّانُ حَدَّثَنَا سَعِيدُ بْنُ زَيْدٍ حَدَّثَنِي الزُّبَيْرُ بْنُ الْخِرِّيتِ عَنْ أَبِي لَبِيدٍ قَالَ أُجْرِيَتْ الْخَيْلُ فِي زَمَنِ الْحَجَّاجِ وَالْحَكَمُ بْنُ أَيُّوبَ عَلَى الْبَصْرَةِ فَأَتَيْنَا الرِّهَانَ فَلَمَّا جَاءَتْ الْخَيْلُ قَالَ قُلْنَا لَوْ مِلْنَا إِلَى أَنَسِ بْنِ مَالِكٍ فَسَأَلْنَاهُ أَكَانُوا يُرَاهِنُونَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ فَأَتَيْنَاهُ وَهُوَ فِي قَصْرِهِ فِي الزَّاوِيَةِ فَسَأَلْنَاهُ فَقُلْنَا يَا أَبَا حَمْزَةَ أَكُنْتُمْ تُرَاهِنُونَ عَلَى عَهْدِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُرَاهِنُ قَالَ نَعَمْ لَقَدْ رَاهَنَ عَلَى فَرَسٍ لَهُ يُقَالُ لَهُ سَبْحَةُ فَسَبَقَ النَّاسَ فَانْهَشَّ لِذَلِكَ وَأَعْجَبَهُ قَالَ أَبُو مُحَمَّد انْهَشَّ يَعْنِي أَعْجَبَهُ

বাংলা

২৪৬৯. আবী লাবীদ রাদ্বিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, আমি ও হাকাম ইবনু আইয়্যুব হাজ্জাজের শাসনামলে বসরাহ’তে ঘোড়া চালাতাম। এরপর (একবার) আমরা বাজির নিকট এলাম। যখন ঘোড়ার (উপর বাজি ধরার) প্রসঙ্গ এলো, তখন আমরা বললাম, আমরা যদি আনাস ইবনু মালিক রাদ্বিয়াল্লাহু আনহু কে পেতাম, তবে তাকে জিজ্ঞাসা করতাম, আপনারা কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে বাজি ধরতেন?

তিনি বলেন, এরপর আমরা তাঁর নিকট গেলাম, আর তখন তিনি ’যাবিয়াহ’ নামক স্থানে তাঁর আপন প্রাসাদে অবস্থান করছিলেন। এরপর আমরা তাঁকে জিজ্ঞেস করলাম। তাঁকে বললাম, ইয়া আবূ হামযাহ! আপনারা কি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর যুগে বাজি ধরতেন? রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কি বাজি ধরতেন? তিনি বললেন: হাঁ। আল্লাহর কসম! তিনি ’সাবহাহ’ নামক ঘোড়ার উপর বাজি ধরেছেন। এরপর একটি লোক (দৌড় প্রতিযোগীতায়) এগিয়ে গেল, ফলে (তাকে ছাড়িয়ে যাওয়ার জন্য) তিনি আনন্দিত হয়ে দ্রুত সেদিকে এগিয়ে গেলেন। আর এটি যেন তাঁকে মুগ্ধ করলো।[1]

## ফুটনোট

[1] তাহক্বীক্ব: এর সনদ

তাখরীজ: আহমাদ ৩/১৬০, ২৫৬; তাবারাণী, আওসাত নং ৮৮৪৫; বাইহাক্বী, সাবাক্বা ওয়ার রমিয়া ১০/২১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=82752

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন